রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ২১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৬, ২০২২

সূচিপত্র



| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৪৫—২৫৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৬১—৫৮৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯১—১০২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ২১—৩৯ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৫—৫৪৬ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৯—৩০ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |



## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৩০/৯৪-৭৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ আব্দুর রউফ, জন্ম তারিখ : ০১-০৩-১৯৮১ খ্রি., পিতা-মোহাম্মদ আব্দুর রহিম, মাতা-সুফিয়া বেগম, গ্রাম-করগ্রাম, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-বলদী আটা বাজার, উপজেলা-সরিষাবাড়ী, জেলা-জামালপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার ০৮নং মহাদান ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০৭ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৯১/৮২-৬৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব হেলাল উদ্দীন, জন্ম তারিখ : ০৪-০১-১৯৯৭ খ্রি., পিতা : আব্দুল হান্নান মুন্সী, মাতা : মরজিনা বেগম, গ্রাম : বড় খাড়দিয়া, ওয়ার্ড নং-০১, ডাকঘর : ফুলবাড়িয়া, উপজেলা : সালথা, জেলা : ফরিদপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফরিদপুর জেলার সালথা উপজেলার ০২নং যদুনন্দি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০৭ মার্চ ২০২২ খ্রিঃ

নং **আর-৬/৭-এন-০২/২০২২-১১৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খুলনা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ ফরিদ উদ্দিন আহমেদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ্ **মোঃ সালাউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৭২/৮৪/৭৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ শফিকুল ইসলাম, জন্ম তারিখ : ০৭-০২-১৯৮০ খ্রি., পিতা : মোঃ ছাহেদ আলী, মাতা : মোছাঃ ছাকিয়া বেগম, গ্রাম : এলুয়াড়ী, ওয়ার্ড নং-০১, ডাকঘর : পানিকাটা, উপজেলা : ফুলবাড়ী, জেলা : দিনাজপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ০১নং এলুয়াড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৮/২৭ ফেব্রুয়ারি ২০২২

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.২১-৬২**—যেহেতু জনাব মোবাশ্বেরা সাদিয়া হক (পরিচিতি নং ৬০২২৫৩), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), ইভ্যালুয়েশন বিভাগ, ঢাকা, (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-১, শেরপুর) "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)" শীর্ষক প্রকল্পের অন্তর্গত শেরপুর সড়ক বিভাগাধীন জামালপুর-শেরপুর-বনগাঁও সড়কের চেইনেজ ০+০০০ কিলোমিটার হতে ৩২+২০০ কিলোমিটার এবং ২.৫ কিলোমিটার শহর সংযোগ অংশের কাজে ২০-১২-২০১৭ তারিখ থেকে ২২-০৭-২০২০ পর্যন্ত দায়িত্বে ছিলেন। উক্ত প্রকল্পের প্রশস্তকরণ ও মজবুতিকরণ কাজের গুণগতমান বিষয়ে প্রাপ্ত অভিযোগ সরেজমিনে তদন্ত করা হয়। প্রতিবেদনের আলোকে অভিযোগের সত্যতা ও দায় নির্ধারণের

ভিত্তিতে তার বিরুদ্ধে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করতঃ বিভাগীয় মামলা নং-০২/২০২১ দায়ের করা হয়। সে প্রেক্ষিতে তিনি যথাসময়ে লিখিত জবাব দাখিল করেন এবং গত ১৬-০৩-২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি প্রদান করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানি শেষে অভিযোগ বিবরণী, অভিযোগনামা ও সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে বিভাগীয় মামলার তদন্তের প্রয়োজন হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক বিভিন্ন অভিযোগের মধ্যে বেজ টাইপ-১ এর গড় পুরুত্ব অনুমোদিত ডিজাইন অনুযায়ী ২০০ মিলিমিটার এর স্থলে কম পাওয়ার অভিযোগ প্রমাণিত হয়। অর্থাৎ তদন্তে সড়কের বিভিন্ন স্তরে যাচাই করে মজবুতীকরণ অংশে বেজ টাইপ-১ এর গড় পুরুত্ব ৪৫.৬০ মিলিমিটার কম পাওয়া যায়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য আনীত অভিযোগে কেন তার বিরুদ্ধে ৩(খ) বিধিতে উল্লিখিত যে কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না সে সম্পর্কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য তাকে দ্বিতীয় কারণ দর্শানোর জন্য নোটিশ দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে তিনি জবাব পেশ করেন;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময়ে প্রদত্ত জবানবন্দি, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানোর জবাবে উল্লেখ করেছেন ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী যে কোনো ধরণের ক্রটি বিচ্যুতি ঠিকাদার কর্তৃক সংশোধনের বিধান রয়েছে। কিন্তু চুক্তিতে এ ধরণের বিধান থাকলেও তিনি এর দায় এড়াতে পারেন না। কেননা যথাযথ তদারকি থাকলে এবং যথাসময়ে এই ত্রুটি নজরে আসলে ঠিকাদারকে ত্রুটি অপসারণে নির্দেশ দেয়া যেত। সেক্ষেত্রে বিষয়টি নিয়ে স্থানীয় পর্যায়ে অভিযোগ উত্থাপিত হওয়ার সুযোগ সৃষ্টি হতো না। এক্ষেত্রে তার দায়িত্ব পালনে অবহেলার পরিচয় পাওয়া যায় যা অসদাচরণের সামিল;

সেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময়ে প্রদত্ত জবানবন্দি, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব মোবাশ্বেরা সাদিয়া হক (পরিচিতি নং ৬০২২৫৩), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), ইভ্যালুয়েশন বিভাগ, ঢাকা, (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-১, শেরপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী ০১ (এক) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.২১-৬১**—যেহেতু জনাব আহসান উদ্দীন আহম্মেদ (পরিচিতি নং ৬০১৯৪৪), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), ফরিদপুর সড়ক সার্কেল, ফদিরপুর (সাবেক নির্বাহী প্রকৌশলী শেরপুর সড়ক বিভাগ, শেরপুর) "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)" শীর্ষক প্রকল্পের অন্তর্গত শেরপুর সড়ক বিভাগাধীন জামালপুর-শেরপুর-বনগাঁও সড়কের চেইনেজ ০+০০০ কিলোমিটার হতে ৩২+২০০ কিলোমিটার এবং ২.৫ কিলোমিটার শহর সংযোগ অংশের কাজে ২০-১২-২০১৭ তারিখ থেকে ২২-০৭-২০২০ পর্যন্ত দায়িত্বে ছিলেন। উক্ত প্রকল্পের প্রশস্তকরণ ও মজবুতিকরণ কাজের গুণগতমান বিষয়ে প্রাপ্ত অভিযোগ সরেজমিনে তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনের আলোকে অভিযোগের সত্যতা ও দায় নির্ধারণের ভিত্তিতে তার বিরুদ্ধে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করতঃ বিভাগীয় মামলা নং-০১/২০২১ দায়ের করা হয়। সে প্রেক্ষিতে তিনি যথাসময়ে লিখিত জবাব দাখিল করেন এবং গত ১৬-০৩-২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি প্রদান করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানি শেষে অভিযোগ বিবরণী, অভিযোগনামা ও সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে বিভাগীয় মামলার তদন্তের প্রয়োজন হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক বিভিন্ন অভিযোগের মধ্যে বেজ টাইপ-১ এর গড় পুরুত্ব অনুমোদিত ডিজাইন অনুযায়ী ২০০ মিলিমিটার এর স্থলে কম পাওয়ার অভিযোগ প্রমাণিত হয়। অর্থাৎ তদন্তে সড়কের বিভিন্ন স্তরে যাচাই করে মজবুতীকরণ অংশে বেজ টাইপ-১ এর গড় পুরুত্ব ৪৫.৬০ মিলিমিটার কম পাওয়া যায়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য আনীত অভিযোগে কেন তার বিরুদ্ধে ৩(খ) বিধিতে উল্লিখিত যে কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না সে সম্পর্কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য তাকে দ্বিতীয় কারণ দর্শানোর জন্য নোটিশ দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে তিনি জবাব পেশ করেন;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময়ে প্রদত্ত জবানবন্দি, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানোর জবাবে উল্লেখ করেছেন ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী যে কোনো ধরণের ত্রুটি বিচ্যুতি ঠিকাদার কর্তৃক সংশোধনের বিধান রয়েছে। কিন্তু চুক্তিতে এ ধরণের বিধান থাকলে তিনি এর দায় এড়াতে পারেন না। কেননা যথাযথ তদারকি থাকলে এবং যথাসময়ে এই ত্রুটি নজরে আসলে ঠিকাদারকে ত্রুটি অপসারণে নির্দেশ দেয়া যেত। সেক্ষেত্রে বিষয়টি নিয়ে স্থানীয় পর্যায়ে অভিযোগ উত্থাপিত হওয়ার সুযোগ সৃষ্টি হতো না। এক্ষেত্রে তার দায়িত্ব পালনে অবহেলার পরিচয় পাওয়া যায় যা অসদাচরণের সামিল;

সেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময়ে প্রদত্ত জবানবন্দি, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব আহসান উদ্দীন আহম্মেদ (পরিচিতি নং ৬০১৯৪৪), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), ফরিদপুর সড়ক সার্কেল, ফরিদপুর (সাবেক নির্বাহী প্রকৌশলী শেরপুর সড়ক বিভাগ, শেরপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী ০১ (এক) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**এমআরটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ চৈত্র ১৪২৮/১৬ মার্চ ২০২২

**নং ৩৫.০০.০০০০.০৬৫.০৬.০২১.১৯-৭২**—ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেল লাইন-৬ (উত্তরা হতে মতিঝিল) এর ভাড়া নির্ধারণের লক্ষ্যে মেট্রোরেল আইন, ২০১৫ এর ধারা ১৮(১) অনুসারে নির্বাহী পরিচালক, ডিটিসিএ'র নেতৃত্বে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

০১। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।

**সদস্যবৃন্দ**

০২। অতিরিক্ত প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) DMTCL

০৩। পরিচালক, (অপাঃ), বিআরটিএ।

০৪। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে।

০৫। উপ-সচিব জেনারেল ম্যানেজার (হিসাব), বিআরটিসি।

০৬। উপসচিব (আইন অধিশাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

**সদস্য-সচিব**

০৭। অতিরিক্ত নির্বাহী পরিচালক, (ম্যাস ট্রানজিট), ডিটিসিএ।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুর্শিদ আলম**
সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৩ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১১.২১-১২২**—যেহেতু, জনাব মোহাম্মদ রাসেল উদ্দিন, ইন্সট্রাক্টর (সাধারণ), টিপিআই, রাঙ্গামাটি-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে গত ৩১ মে ২০২১ তারিখে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন। লিখিত জবাব ও শুনানিতে প্রদত্ত তার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন;

যেহেতু, তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হলে এ মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে কমিশন একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোহাম্মদ রাসেল উদ্দিন, ইন্সট্রাক্টর (সাধারণ), পিটিআই, রাঙ্গামাটি-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৩.২২-১২৩**—যেহেতু, জনাব মোঃ নাজমুল হুদা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মদন, নেত্রকোনা (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন।

যেহেতু, শুনানিতে তার প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ নাজমুল হুদা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মদন, নেত্রকোনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার (Censure)" লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম খান**
সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ অধিশাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.৬৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | আলী রাজাপুর | ১৫০ | ১৬০ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২ | বাদিকাড়া | ৪৪ | ২৬৬৮ | লাখাই | হবিগঞ্জ | |
| ৩ | উত্তর ইছাকারী | ১ | ৪৩২ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৪ | দরি | ২ | ৫৬৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৫ | বাণীকান্দি | ১১ | ১৩০৩ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৬ | দেওকুড়া উত্তর | ২০ | ৩১৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৭ | খুটিহারাডুবি | ৩৩ | ১৯১ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৮ | ছিরামপুর | ১০৭ | ১৯১ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ৯ | পুটিয়া | ১০৮ | ২৬৯ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ১০ | সৈয়দপুর | ১১৫ | ৯৫১ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ১১ | ফরিদপুর | ১৪৯ | ২৯৮ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ১২ | আদ্যপাশা | ১৬০ | ৪৫৯ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ | |
| ১৩ | রতনপুর দক্ষিণ | ৬০ | ৪৫৫ | মাধবপুর | হবিগঞ্জ | |
| ১৪ | পুরান সাসপুর | ১৯ | ১২৭১ | বিশ্বম্ভরপুর | সুনামগঞ্জ | |
| ১৫ | কুটীপাড়া | ২৫ | ১৩১৮ | বিশ্বম্ভরপুর | সুনামগঞ্জ | |
| ১৬ | হিঙ্গাজিয়া টি,ই | ৪৫ | ৪২ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ১৭ | ভালিয়ারমা ছড়া | ৬৫ | ১০ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ১৮ | চাতলাপুর টি,ই | ৯৯ | ২৪ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ১৯ | সংগ্রামসী | ১০৫ | ৬৬৭ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ২০ | খাদিমনগর টি গার্ডেন | ৬২ | ৯৭ | সিলেট সদর | সিলেট | |
| ২১ | ব্রাহ্মণ শাসন | ৭২ | ১৮৮৫ | সিলেট সদর | সিলেট | |
| ২২ | মেঘার গাঁও | ৩১ | ৬৭৩ | কোম্পানীগঞ্জ | সিলেট | মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৮২২১/১৬ নম্বর রিট পিটিশন মামলায় খতিয়ান নম্বর ২০, ৩২, ৩৯, ৪৪, ৬২, ৭৮, ৯০, ১০৪, ১৪২, ১৯৬, ২২১, ২৫৩, ২৬৪, ২৭২, ৩০১, ৩১৬, ৩১৯, ৪০৫, ৪২৮, ৪৩২, ৪৩৮, ৪৫৩, ৪৫৩/১, ৪৫৪, ৪৫৫, ৫১৪, ৫১৬, ৫১৭, ৫১৮, ৫৩৭, ৫৪২, ৫৬৩, ৫৬৪, ৫৭০, ৫৭১, ৫৭২, ৫৭৩, ৫৯১, ৫৯৭, ৬১৩, ৬৩৮, ৬৩৯, ৬৪৩, ৬৪৫, ৬৪৭, ৬৫১, ৬৫৬ = ৪৭টি খতিয়ান ব্যতিত। |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).৬৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | খোর্দ্দযোগীনী | ৬১ | ৮৫৬ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ০২ | ভাতকুড়া | ২৭৪ | ৯৩৫ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ০৩ | বড় বাসালিয়া | ৪২ | ১৬৮২ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ০৪ | সাহাপুর | ৩২ | ১৩৩৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ০৫ | হামিদপুর | ১৬২ | ৪১০ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ০৬ | দিগর | ২০৪ | ১৫৭৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ০৭ | গৌরীশ্বর | ২৪৮ | ৭৫৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ০৮ | গর্জন | ৯৫ | ৭২৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ০৯ | পঞ্চাশ | ৪৮ | ৭৫৭ | গোপালপুর | টাঙ্গাইল |
| ১০ | ডাকুরী | ৮৫ | ৬০৯ | গোপালপুর | টাঙ্গাইল |
| ১১ | মোয়াইল | ৮৬ | ১৫১৬ | গোপালপুর | টাঙ্গাইল |
| ১২ | দক্ষিণ মান্দিয়া | ১২৮ | ১৮৩৫ | গোপালপুর | টাঙ্গাইল |
| ১৩ | কায়তা | ৮৩ | ১১৬৬ | গোপালপুর | টাঙ্গাইল |
| ১৪ | হাসিল | ১৩৭ | ৮১৭ | মধুপুর | টাঙ্গাইল |
| ১৫ | কাইতকাই | ১৬০ | ৬৯০ | মধুপুর | টাঙ্গাইল |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১).৭০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | টুঙ্গিবাড়ীয়া | ৯৫ | ৪৭৯ | গলাচিপা | পটুয়াখালী |
| ০২ | দক্ষিণ তুলাতলী | ১০৪ | ১১৬৯ | গলাচিপা | পটুয়াখালী |
| ০৩ | সামুদাফৎ | ১১৩ | ১০০৫ | গলাচিপা | পটুয়াখালী |
| ০৪ | চাতলাখালী | ১২০ | ৭১৩ | গলাচিপা | পটুয়াখালী |
| ০৫ | চরঘুনী | ৯৪ | ৫৫৫ | দশমিনা | পটুয়াখালী |
| ০৬ | পাতার চর | ১০০ | ২০৮ | দশমিনা | পটুয়াখালী |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.৭১**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | জালিয়াল | ৮২ | ৬৫৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ২ | সোনাপুর | ৮৫ | ১২১৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৩ | কালা চাঁদপুর | ১৪৪ | ৪০৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৪ | এওয়াজবালিয়া | ২৪৬ | ২৩৯৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ৫ | চর করমুল্লা | ২৪৮ | ৬৫৪ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৬ | পূর্ব্ব চর জব্বর | ২৫৭ | ৭৫০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৭ | চর মন্‌সা | ২১৩ | ৪৩৭০ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| ৮ | রমাপুর | ২২৬ | ৪১৬ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| ৯ | পশ্চিম ছাগলনাইয়া | ৩১ | ২০৩৫ | ছাগলনাইয়া | ফেণী |

তারিখ : ০১ চৈত্র ১৪২৮/১৫ মার্চ ২০২২

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.৭২**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | আদমদিঘী | ৪৪ | ৩৭০ | আদমদিঘী | বগুড়া |
| ২ | খাজলাল | ১০২ | ১৩৩২ | কাহালু | বগুড়া |
| ৩ | ঘোলাগাড়ী | ৯০ | ৩৩৯ | শেরপুর | বগুড়া |
| ৪ | গাড়িদহ | ১২৫ | ৬৯৮ | শেরপুর | বগুড়া |
| ৫ | জয়না জুয়ান | ১৭২ | ৬৫৮ | শেরপুর | বগুড়া |
| ৬ | সহরাবাড়ী | ২৩ | ১৫৩৬ | ধুনট | বগুড়া |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১৪০.১০.৭৪**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | খয়েরবাড়ী | ৭৬ | ৭৮৭ | পীরগঞ্জ | রংপুর |
| ০২ | বাজে কাশীমপুর | ১৫৭ | ২৫৪ | পীরগঞ্জ | রংপুর |
| ০৩ | ধনশালা | ১৮২ | ৬৯২ | পীরগঞ্জ | রংপুর |
| ০৪ | পচাকান্দর | ১৮৪ | ৩২০ | পীরগঞ্জ | রংপুর |
| ০৫ | সোণাকান্দর | ১৮৫ | ৫২০ | পীরগঞ্জ | রংপুর |
| ০৬ | রাধাকৃষ্ণপুর | ২৩৯ | ৫৩৭ | পীরগঞ্জ | রংপুর |
| ০৭ | সায়েস্থাপুর | ২৪২ | ৭৪৭ | পীরগঞ্জ | রংপুর |
| ০৮ | বড় মজিদপুর | ২৪৫ | ১০৮৮ | পীরগঞ্জ | রংপুর |
| ০৯ | খেজমতপুর | ২৪৬ | ১০২১ | পীরগঞ্জ | রংপুর |
| ১০ | ইসমালপুর | ২৭৫ | ৪৫০ | পীরগঞ্জ | রংপুর |
| ১১ | বড় বদনাপাড়া | ২৮৫ | ২৩০ | পীরগঞ্জ | রংপুর |
| ১২ | উত্তর খড়িবাড়ী | ২১ | ২৫৫ | ডিমলা | নীলফামারী |
| ১৩ | আরাজি পিপুলবাড়ী | ৭৭ | ৮১৫ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| ১৪ | একদিল খড়িয়া | ১৩৮ | ৩০ | উলিপুর | কুড়িগ্রাম |
| ১৫ | কৈচড়া | ৯৯ | ১২২৫ | সাঘাটা | গাইবান্ধা |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.২১.৭৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | বাদপুকুরিয়া | ৩০ | ১৮৭৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ০২ | ঝিনাইদহ | ১২৫ | ২৯১৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ০৩ | গয়েশপুর | ১২৬ | ১৩৩৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ০৪ | শ্রীরামপুর | ১৫ | ১৩৩৬ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৫ | শীতলীডাঙ্গা | ১৭ | ১৫০০ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৬ | মালথিয়া | ৯৮ | ২৫৭৬ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৭ | কবিরপুর | ১২৪ | ১৩৮৯ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৮ | হবিবপুর | ১২৫ | ১১১৪ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৯ | ফুলহারি | ১৩৫ | ২০৩২ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১০ | ভাটাই | ১৪০ | ১৬৭১ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১১ | হাটফাজিলপুর | ১৬৯ | ১৫০১ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১২ | যোগিনীবাঘিনী | ১৮১ | ১৯৩৫ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৩ | আলতাপোল | ৭২ | ২৪৮৭ | কেশবপুর | যশোর |
| ১৪ | যশোমন্তপুর | ১২৪ | ১৩৯৯ | মহম্মদপুর | মাগুরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তানিয়া আফরোজ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১).৩২০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955 এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | চালনা | ০৮ | ৪৪১৮ | পলাশ | নরসিংদী |
| ২ | ইছাখালী | ১৮ | ১০৫২৬ | পলাশ | নরসিংদী |
| ৩ | আতসি পাড়া | ৩০ | ৩২৬ | পলাশ | নরসিংদী |
| ৪ | উত্তর চন্দন | ৪২ | ১৯৮৮ | পলাশ | নরসিংদী |
| ৫ | খাগইর | ৪৫ | ৫৪৯ | পলাশ | নরসিংদী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ চৈত্র ১৪২৮/২৪ মার্চ ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০.১৩২**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ এর ধারা ৯(১)(ক) ও ১০(১) অনুযায়ী ড. একেএম সাইফুল মজিদ, অধ্যাপক, ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশন (আইবিএ), ঢাকা বিশ্ববিদ্যালয়-কে তাঁর নিয়োগের প্রথম মেয়াদ সমাপণান্তে গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে দ্বিতীয় মেয়াদে ০২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**প্রকল্প ব্যবস্থাপনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ চৈত্র ১৪২৮/২৩ মার্চ ২০২২

**নং ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০৮৪.২০.১২৫**—বিশ্বব্যাংক-এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)" শীর্ষক প্রকল্পের (নন-এডিপিভুক্ত) আওতায় নিম্নোক্তভাবে একটি প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) গঠন করা হ'ল :

**চেয়ারম্যান**

০১. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০২. যুগ্মসচিব (প্রকল্প ব্যবস্থাপনা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

০৩. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর প্রতিনিধি

০৪. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি

০৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি

০৬. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

০৭. প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়কারী, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

০৮. পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা অনুবিভাগ এর সংশ্লিষ্ট কর্মকর্তা।

০৯ উপসচিব (প্রকল্প ব্যবস্থাপনা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

১০। সিনিয়র সহকারী সচিব (প্রকল্প ব্যবস্থাপনা-১), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**স্টিয়ারিং কমিটির কার্যপরিধি :**

(ক) প্রকল্প বাস্তবায়নকালে সমস্যা চিহ্নিতকরণ এবং উদ্ভূত সমস্য সমাধানের কর্মকৌশল সংক্রান্ত সুপারিশ প্রদান;

(খ) প্রকল্প বাস্তবায়নে নীতিনির্ধারণ সংক্রান্ত কার্যক্রম বিষয়ে অনুশাসন প্রদান;

(গ) প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট যেকোনো বিষয়;

(ঘ) কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভায় মিলিত হবে; এবং

(ঙ) কমিটি প্রয়োজনে উপযুক্ত সদস্যদের Co-Opt করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**সমাজ কল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৮/১৪ ফেব্রুয়ারি ২০২২

**নং ৪১.০০.০০০০.০৪১.২৭.০১৪.১৮-৪৫**—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল শহর সমাজসেবা কার্যক্রম-৫, আজিমপুর, ঢাকায় কর্মকালে অবস্থায় জনাব মোঃ ইসহাক ভূঁইয়া, কমান্ডার, হাজারীবাগ থানা মুক্তিযোদ্ধা সংসদ, ঢাকা এবং জনাব রামানন্দ দাস, সভাপতি ও শ্রী রতন চন্দ্র দাস, যুগ্মসম্পাদক, বাংলাদেশ দলিত পঞ্চায়েত ফোরাম কর্তৃক মুক্তিযোদ্ধাদের সাথে বিভিন্ন কাজে অশোভন আচরণ, মৃত ভাতাভোগীর স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে ঘুষ গ্রহণ ও ক্ষুদ্রঋণের চেক বিতরণকালে ঋণগ্রহীতারদের নিকট হতে অর্থ গ্রহণ করার অভিযোগ আনয়ন করা হয়;

০২। যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান এর কর্তৃক ক্ষুদ্রঋণের চেক বিতরণকালে চারজন ঋণগ্রহীতার নিকট হতে ৪,০০০/- (চার হাজার) টাকা গ্রহণ, বয়স্কভাতাভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে গুরুতর গাফিলতি, ২০১১-২০১৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১০৩ জন মৃত ভাতাভোগী প্রতিস্থাপনের নিমিত্ত ভাতা প্রদানের বই প্রস্তুতকরত সংশ্লিষ্ট ভাতাভোগীদের মধ্যে বিতরণ না করায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

০৩। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলপূর্বক তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের

বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি। অভিযোগের বিষয়ে পুনঃতদন্তের আদেশ দেওয়া হয়;

০৫। যেহেতু, পুনঃতদন্ত প্রতিবেদন মোতাবেকও জনাব মোঃ মিজানুর রহমান এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী আনীত "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

০৬। সেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, নবাবগঞ্জ, ঢাকা-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অব্যাহতি প্রদানপূর্বক ০১/২০২১ নম্বর বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০২ চৈত্র ১৪২৮/১৬ মার্চ ২০২২

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৮০.১৫.৭৮**—যেহেতু, জনাব তাসনিম ফেরদৌসী, সোস্যাল কেইস ওয়ার্কার ও সহকারী তত্ত্বাবধায়ক (অতিরিক্ত দায়িত্ব), কিশোরী উন্নয়ন কেন্দ্র, কোনাবাড়ী, গাজীপুর এর বিরুদ্ধে দায়িত্বে অবহেলার কারণে কেন্দ্রের অভ্যন্তরে নিবাসীদের যৌন নিপীড়নের অভিযোগে গার্ড জনাব মোঃ কাওছার ভূঁইয়াকে সাময়িক বরখাস্ত করা হয়। দীর্ঘদিন একই প্রতিষ্ঠানে কর্মকালে কেন্দ্রের নিরাপত্তা গার্ড কর্তৃক নিবাসীদের যৌন নিপীড়নের বিষয়টি অনুধাবন না করায় আপনার কর্ম ব্যবস্থাপনায় অদক্ষতার প্রমাণ বহন করে;

যেহেতু, তাঁর অদক্ষতার জন্য কিশোরী উন্নয়ন কেন্দ্রে সংগঠিত নিবাসীদের যৌন নিপীড়নের ঘটনায় সমাজসেবা অধিদফতরের ভাবমুর্তি ক্ষুণ্ন হওয়ায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৩, তারিখঃ ১৭ জুন ২০১৫ মোতাবেক তাঁকে কৈফিয়ত তলব করা হয় এবং তাঁর দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি। দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাঁর (তাসনিম ফেরদৌসী) বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ১৪/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত জবাব দাখিলে জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানিতে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, সার্বিক পর্যালোচনায় জনাব তাসনিম ফেরদৌসী, সোস্যাল কেইস ওয়ার্কার ও সহকারী তত্ত্বাবধায়ক (অতিরিক্ত দায়িত্ব), কিশোরী উন্নয়ন কেন্দ্র, কোনাবাড়ী, গাজীপুর-কে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অব্যাহতি প্রদানপূর্ব ১৪/২০২১ নম্বর মামলা নিষ্পত্তি করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহফুজা আখতার**
সচিব।

---

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
## কারিগরি শাখা-০৪

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/০২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৭.০০.০০০০.০৫৪.১৫.০০১.২০-২৩৭**—কুমিল্লা জেলার নাঙ্গালকোট উপজেলাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব টেকনিক্যাল এন্ড কমার্স কলেজ' ২২-০৭-২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাইজার মোহাম্মদ ফারাবী**
উপসচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৯/০৮ মে ২০২২

**নং ১০.০০.০০০০.১২৮.০৮.০০৩.২০০২-১৮৮**—The Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোহাম্মদ ইমান আলী-এর ১২-০১-২০২২ হতে ১৬-০৩-২০২২ তারিখ পর্যন্ত ০২ মাস ০৪ দিন এবং ০৩-০৪-২০২২ হতে ১৬-১২-২০২২ তারিখ পর্যন্ত ০৮ মাস ১৮ দিন মোট ১০ মাস ২২ দিন অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/১০ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.১০১**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act) XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | চর মটুয়া | ২৩ | ২৬৪৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২. | দক্ষিণ ফকিরপুর | ৪৩ | ২৮৩ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩. | মহব্বতপুর | ৮৪ | ৫৮৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৪. | পশ্চিম আলীপুর | ১০১ | ৩৭৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৫. | গুপ্তরঙ্গা | ১২০ | ২৭২ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৬. | রামেশ্বরপুর | ২২৬ | ১৭৩৪ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৭. | চর মন্ডলিয়া | ২৩৪ | ১৩০৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৮. | খাস চর মন্ডলিয়া | ২৩৫ | ২০৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৯. | চর মহিউদ্দিন | ২৬৮ | ১৭৭০ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ১০. | পশ্চিম চর জুবিলী | ২৭১ | ১০৭০ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ১১. | অনন্তপুর | ২৩৪ | ২২২৭ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ১২. | উত্তর মৃজানগর | ২৫২ | ১৩৬৬ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ১৩. | লাহারকান্দি | ৪৯ | ১৯২৯ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | মহামান্য হাইকোর্টে ৫২৩১/২০১৯, ১৪৬৭১/২০১৯, ১৪৬৭৪/২০১৯, ১৪৬৭২/২০১৯, ১৪৬৭৩/২০১৯ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ৮০৪, ৮৯০ ও ৮০২ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ১৪. | পশ্চিম চর মনসা | ২১৯ | ২০৭৪ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | মহামান্য হাইকোর্টে ১৫৩৪৭/২০১৮ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ১৫৯২ নম্বর খতিয়ান ব্যতীত |
| ১৫. | মাটিয়াগোদা | ৬ | ১১৯৯ | ছাগলনাইয়া | ফেনী | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৮ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২এন-৯১/৮৫-১০৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মুতি উল্লাহ, পিতা-মোঃ নূর উদ্দিন, মাতা-সরুজা বেগম, গ্রাম-নওহাল, ডাকঘর-মোহনগঞ্জ, উপজেলা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলার মোহনগঞ্জ পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১২৩/৮২-১০৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব হাবিবুর রহমান, পিতা-সিদ্দিকুর রহমান, মাতা-মিলনা, গ্রাম-জয়পুর, ডাকঘর-জয়পুর, উপজেলা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোণা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলার ০৫ নং সমাজ সহিলদেও ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।